

ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ

রাজশাহী বিশ্ববিদ্যালয়



নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম ও সংখ্যা	বিষয়ের নাম ও সংখ্যা	বেতন স্কেল
ফেলো (সহকারী অধ্যাপক)-৭টি/ সহযোগী অধ্যাপক-৩টি	ইতিহাস-১, ইংরেজি-১, রাষ্ট্রবিজ্ঞান- ১, অর্থনীতি-১, ব্যবসা প্রশাসন-১, ভূগোল-১, ফোকলোর-১, আইন-১, নৃ-বিজ্ঞান-১, মনোবিজ্ঞান-১	ফেলো (সহকারী অধ্যাপক): টা. ৩৫,৫০০- ৬৭,০১০/- ও সহযোগী অধ্যাপক: ৫০,০০০/-৭১,২০০/- ৮ম জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী প্রচলিত ভাতাদি।

উপর্যুক্ত প্রতিটি পদসমূহে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, আবেদন ফি এবং আবেদন পদ্ধতির বিস্তারিত বিবরণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের Website-এ Recruitment at RU-তে পাওয়া যাবে। Online পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে ১১ (এগার) সেট দরখাস্ত আগামী ১৭-০৯-২৩ তারিখ বিকাল ৪টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে। প্রতি পদের জন্য প্রতি সেট দরখাস্তের সাথে সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার নম্বরপত্র ও সার্টিফিকেট, চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, চাকুরির অভিজ্ঞতার সার্টিফিকেট, সকল প্রকার গবেষণামূলক প্রবন্ধের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: ফেলো (সহকারী অধ্যাপক)

- সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।
- সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।
- কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ, আইন, জীব বিজ্ঞান ও ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ-এর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।
- জীব বিজ্ঞান, ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ, আইন অনুষদভুক্ত বিভাগ-এর ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।
- প্রভাষক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি পরবর্তী ০১ (এক) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।
- কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগ সমূহের ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে। তবে জীব বিজ্ঞান, ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে ন্যূনতম ০৩(তিন)টি প্রকাশনার থাকতে হবে যার মধ্যে First Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: সহযোগী অধ্যাপক

- সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স ডিগ্রি থাকতে হবে।
- সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীর পিএইচডি ডিগ্রি থাকতে হবে।
- কলা, জীব বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ-এর ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।

- ঘ. জীব বিজ্ঞান, ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগের ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০)-এর মধ্যে ৯.০০ থাকতে হবে। তবে কোনটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- ঙ. কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ, আইন অনুষদভুক্ত বিভাগ-এর ক্ষেত্রে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ১০ (৫.০০+৫.০০) এর মধ্যে ৮.৫০ থাকতে হবে। তবে কোনটিতে জিপিএ ৪.০০ এর কম থাকা যাবে না।
- চ. স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর/মাস্টার্স উভয় পরীক্ষার ফলাফলে মেধাতালিকায় কেবল প্রথম হতে সপ্তম স্থান অধিকারী প্রার্থী আবেদন করতে পারবেন।
- ছ. সহকারী অধ্যাপক হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয় পর্যায়ে ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত বিষয় সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানে পিএইচডি পরবর্তী ০৭ (সাত) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।
- জ. জীব বিজ্ঞান, ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড (অফিসিয়াল ইমপ্যাক্ট ফ্যাক্টরসম্পন্ন) জার্নালে এবং কলা, সামাজিক বিজ্ঞান, বিজনেস স্টাডিজ ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহের প্রার্থীর ক্ষেত্রে স্বীকৃত পিয়ার রিভিউড/ইনডেক্সড জার্নালে ন্যূনতম ০৭ (সাত)টি প্রকাশনা থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে অথবা গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীর ক্ষেত্রে শেষের ০৪ (চার) বৎসরে ন্যূনতম ০৪ (চার)টি প্রকাশনা থাকতে হবে। এই চারটির মধ্যে প্রার্থীকে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনার First Author হতে হবে।



(প্রফেসর ড. মোহাম্মদ নাজিমুল হক)

পরিচালক

ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ

রাজশাহী বিশ্ববিদ্যালয়